দৈনিক জনতা

JUN 25 2002

# ঢাকা বোর্ডের এসএসসির গণিতে গ্রেস দেয়া হবে ॥ চলছে কঠোর গোপনীয়তা

স্টাফ রিপোর্টার ॥ এসএসসির ফল প্রকাশের আর মাত্র সপ্তাহখানেক বাকি থাকলেও ঢাকা বোর্ডের গণিতের প্রশ্নপত্র নিয়ে কোন কথা বলছে না শিক্ষা

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## ঢাকা বোর্ডের এসএসসির

(প্রথম পাতার পর)

মন্ত্রণালয় বা ঢাকা বোর্ড কর্তৃপক্ষ। এ ব্যাপারে কঠোর গোপনীয়তা অবলম্বন করা হচ্ছে। সূত্র মতে, ঢাকা বোর্ডের পরীক্ষার্থীদের গণিতে কমন গ্রেস দেবার ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। তবে এই গ্রেসের পরিমাণ কত তা জানা যায়নি। ঢাকা বোর্ড কর্তৃপক্ষও এ ব্যাপারে কোন কথা বলতে চাচ্ছে না। তবে ঢাকা বোর্ড কম্পিউটার সেন্টারে চলছে তুমুল ব্যস্ততা। বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রক প্রায় সারা দিন কাটাচ্ছেন কম্পিউটার সেন্টারে। কমন গ্রেসের ব্যাপারে সেখানে কাজ চলছে বলে একটি সূত্র জানিয়েছে। তবে ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদ বলেছেন, গণিতের ব্যাপারে এখনও কোন খবর নেই। কোন খবর থাকলে তা প্রেসকে সময়মতো জানানো হবে।

এদিকে গণিত পরীক্ষার কঠিন প্রশ্নপত্র এবং পরীক্ষার ফলে এর নেতিবাচক প্রভাব সম্পর্কে ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা উদ্বেগ-উৎকণ্ঠায় দিন কাটাচ্ছেন। আগামী ৪ জুলাই সাত বোর্ডের এসএসসির ফল প্রকাশ হবে বলে জানা গেছে। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রধানমন্ত্রীর কাছে ফল হস্তান্তরের জন্য পহেলা জুলাই থেকে ৪ জুলাই পর্যন্ত যে কোন একদিন এপয়েন্টমেন্ট চাওয়া হয়েছে।